10 JUN 1992

তারিখ 10 JUN 1992
পৃষ্ঠা ... ২

দৈনিক সংবাদ 68

# ভোরে পুলিশী অভিযান ।। সন্ধ্যায় দু'টি হলে ব্যাপক গোলাগুলি

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭টা থেকে রাত ৮টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্জেন্ট জহুরুল হক হল এবং সলিমুল্লাহ হল এলাকায় ব্যাপক গোলাগুলি হয়েছে। এতে কেউ হতাহত হয়নি বলে পুলিশের একটি সূত্রে বলা হয়। এ ধরনের প্রচণ্ড গোলাগুলিতে সাধারণ ছাত্ররা আতংকগ্রস্ত ও হতাশ হয়ে পড়েছে। তারা নিরাপত্তাহীনতায় ভুগছে। ভোরে ওই দু'টি হলে পুলিশ তল্লাশি অভিযান চালায়।

সার্জেন্ট জহুরুল হক হল এবং সলিমুল্লাহ হলে পুলিশী তল্লাশি চালিয়ে পরিত্যক্ত অবস্থায় ১টি হাতবোমা উদ্ধার করা হয়েছে। কেউ গ্রেফতার হয়নি।